**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18–01–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দেশের সকল নাগরিককে পুষ্টি ও স্বাস্থ্যের নিশ্চয়তা দেওয়ার জন্য তাঁর সরকারের সংকল্প পুনর্ব্যক্ত করেছেন ।**

**(২) কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেছেন, ২০৪৭ সাল পর্যন্ত পৃথিবীর সবচেয়ে গৌরবশালী রাস্ট্র হবে ভারত ।**

**(৩) মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের ৭১তম প্ল্যানারি অধিবেশনে যোগ দিতে মেঘালয়ের রাজধানী শিলংয়ে গেছেন ।**

**(৪) টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত চারটি খেলায় চাম্পামুড়া কোচিং সেন্টার, প্রগতি প্লে সেন্টার, জিবি প্লে সেন্টার এবং এন এস আর সি সি জয়লাভ করেছে ।**

*****************************

**PM, VBSY :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দেশের সকল নাগরিককে পুষ্টি ও স্বাস্থ্যের নিশ্চয়তা দেওয়ার জন্য তাঁর সরকারের সংকল্প পুনর্ব্যক্ত

করেছেন। আজ বিকেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকশিত ভারত সংকল্প যাত্রার সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি বলেন, গত নয় বছরে ২৫ কোটিরও বেশি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। তিনি বলেন, সরকার স্বচ্ছ ও দক্ষ শাসন ব্যবস্থার মাধ্যমে দারিদ্র্য বিমোচনে বদ্ধপরিকর। তিনি আরও বলেন, গত দশ বছরে চার কোটির বেশি মানুষকে পাকা বাড়ি দেওয়া হয়েছে। তিনি বলে,

#########Byte#######

প্রধানমন্ত্রী বলেছেন, বিকশিত ভারত সংকল্প যাত্রা দুই মাস পূর্ণ করেছে এবং সরকার এই যাত্রার মাধ্যমে তার সমস্ত পরিকল্পনা চূড়ান্ত বাস্তবায়নের লক্ষ্য নিয়েছে। তিনি বলেন, সারাদেশে মানুষের ব্যাপক সাড়া পাওয়ায় আগামী মাসেও যাত্রা চলবে। তিনি বলেন, বিকশিত ভারত সংকল্প যাত্রা জন আন্দোলনে পরিণত হয়েছে এবং এ পর্যন্ত ১৫ কোটি মানুষ যাত্রায় অংশগ্রহণ করেছে।

প্রধানমন্ত্রী বলেন, ৭০ থেকে ৮০ শতাংশ পঞ্চায়েত বিকশিত ভারত সংকল্প যাত্রার আওতায় এসেছে।

*************************

**VBSY-Pratima Bhowmik :**

কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেছেন, ২০৪৭ সালের মধ্যে দেশকে পৃথিবীর সবচেয়ে গৌরবশালী এবং উন্নত রাষ্ট্র হিসেবে গড়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনজাতি গৌরব দিবসে বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রধানমন্ত্রী জনমন প্রকল্পের সূচনা করেছেন।

প্রধানমন্ত্রীর এই দুই সংকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে কৃষক, শ্রমিক, যুবক এবং মহিলাদের অন্তিম ব্যক্তি পর্যন্ত উন্নতি করা। তাদের উন্নয়ন হলে ২০৪৭ সাল পর্যন্ত পৃথিবীর সবচেয়ে গৌরবশালী রাস্ট্র হবে ভারত। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রীমতি ভৌমিক আজ স্বামী বিবেকানন্দ ময়দানে আয়োজিত দু'দিনের পশিচম জেলা ভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন মেলার দ্বিতীয় দিনের অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। তিনি বলেন,

########Byte########

তিনি বলেন, রাজ্যে শহরাঞ্চলে ৯৪ হাজার ১৫৩ জন এবং গ্রামাঞ্চলে ৩ লক্ষ ৭৭ হাজার মানুষ ঘর পেয়েছেন। স্বচ্ছ ভারত প্রকল্পে মায়েদের জন্য রাজ্যে ৩ লক্ষ ৩ হাজার শৌচাগার নির্মাণ করে দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী উজ্জ্বলা গ্যাস যোজনায় গত ছয়-সাত বছরে ৩ লক্ষ ৭ হাজার মানুষ নতুন গ্যাসের গ্যাসের সংযোগ পেয়েছেন।

প্রত্যেক ঘরে কর্মসংস্থানের ব্যবস্থা করার লক্ষ্যে প্রধানমন্ত্রী মুদ্রা ঋণ প্রকল্পে রাজ্যে ২৬ লক্ষ নাগরিক ঋণের সুবিধা পেয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পে ঠেলা রিকশা চালক, সবজি বিক্রেতা, ফুচকাওয়ালদের মতো গরিবদের উন্নয়নের জন্য দশ হাজার টাকা করে ঋণ দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত পশ্চিম জেলার অতিরক্ত জেলা শাসক প্রশান্ত বাদল নেগি বক্তব্য রাখেন।

****************************

**Visit of central minister :**

কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও আইটি, জলশক্তি দপ্তরের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর আগামীকাল দুদিনের রাজ্য সফরে আগরতলা আসছেন। আগরতলা টাউন হলে তিনি দুটি বিশ্বকর্মা সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেবেন। এছাড়া আগরতলায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ এন্টারপ্রেনারশিপের প্রশিক্ষণার্থী এবং যুবকদের সঙ্গে মত বিনিময় করবেন। মন্ত্রী শ্রী চন্দ্রশেখর ককবরক দিবসের অনুষ্ঠানেও উপস্থিত থাকবেন। এছাড়া গান্ধীগ্রামে জল জীবন মিশনের অগ্রগতি পর্যালোচনা করতে গান্ধীগ্রামে জল শোধনাগারে যাবেন তিনি। সফরের দ্বিতীয় দিনে তিনি আগরতলা পুর নিগমে কর্পোরেটরদের সঙ্গে আলোচনা করবেন।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের (এনইসি) ৭১তম প্ল্যানারি অধিবেশনে যোগ দিতে মেঘালয়ের রাজধানী শিলংয়ে গেছেন। আগামীকাল শিলংয়ে উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের ৭১তম প্ল্যানারি অধিবেশন অনুষ্ঠিত হবে। প্ল্যানারি অধিবেশনে সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাছাড়াও এই অধিবেশনে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রী জি কিষাণ রেড্ডি, উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীদের উপস্থিত থাকার কথা রয়েছে। তাছাড়াও উত্তর-পূর্বাঞ্চল পর্ষদ ও সংশ্লিষ্ট মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকগণ অধিবেশনে অংশ নেবেন।

*************************

**Covid :**

রাজ্যে গত ২৪ ঘন্টায় মোট ১৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে পশ্চিম জেলায় রয়েছেন ৯ জন, উত্তর জেলায় রয়েছেন ১ জন, ঊনকোটি জেলায় রয়েছেন ৩ জন, সিপাহীজলায় রয়েছেন ১ জন। স্বাস্থ্য দপ্তর কর্তৃক জারি করা বুলেটিনে এই তথ্য দেওয়া হয়েছে।

**************************

**Ram, postal stamp :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ শ্রী রাম জন্মভূমি মন্দিরের ছয়টি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছেন। তিনি সারা বিশ্বের ভগবান রাম বিষয়ক ডাকটিকিটগুলির একটি অ্যালবামও প্রকাশ করেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে ভগবান রাম, দেবী সীতা এবং রামায়ণের গল্পগুলি অঞ্চল, ধর্ম এবং বর্ণ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে যুক্ত। তিনি আরও বলেন, রামায়ণ মানুষকে সব প্রতিকূলতার মধ্যেও ভালোবাসার জয় শেখায়।

********************************

**Half Day Holiday :**

আগামী ২২শে জানুয়ারি অযোধ্যায় রামলালার প্রাণপ্রতিষ্ঠা উপলক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সমস্ত অফিস, প্রতিষ্ঠান ও কেন্দ্রীয় শিল্প প্রতিষ্ঠানে দুপুর ২টা ৩০ মিনিট পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের পারসোনাল পাবলিক গ্রিভিয়েনস এন্ড পেনসনস মন্ত্রকের ডেপুটি সেক্রেটারি পারবিন জাগর আজ এক বিজ্ঞপ্তিতে একথা জানান।

***************************

**Election Awardees :**

ভারতের নির্বাচন কমিশন ২০২৩ সালে রাজ্যে বিধানসভা নির্বাচন পরিচালনায় বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখায় দেশের বেশ কয়েকজন নির্বাচনী আধিকারিক ও পুলিশ আধিকারিককে বিশেষ পুরস্কার প্রদানের জন্য মনোনীত করেছে। এর মধ্যে রাজ্যেরও ২ জন আধিকারীক রয়েছেন। তারা হলেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক সাজু ওয়াহিদ ও ধলাই জেলার পুলিশ সুপার ড: রমেশ চন্দ্র যাদব।

*****************************

**Ratan Lal Nath :**

রাজ্যের অর্থনৈতিক বিকাশ ও জনগণের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়িত হচ্ছে। এসমস্ত প্রকল্পের সুবিধা প্রান্তিক জনপদের অন্তিম ব্যক্তির কাছে পৌছে দিতে সরকারি দপ্তরগুলিকে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। এই কাজে জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয় থাকতে হবে। আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির সাধারন সভায় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, ব্লকের বিডিও ধুতি শেখর রায় প্রমুখ। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের উন্নয়ন কর্মসূচির চিত্র তুলে ধরেন।

********************************

**Fisheries Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায় আম্বেদকর কলেজের নবীন বিদ্যার্থী বরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন।

উদ্বোধকের ভাষণে তিনি ছাত্র-ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি সমাজের জন্য, মানুষের জন্য কাজ করতে তিনি পরামর্শ দেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা প্রমুখ।

এখানে নবাগত N.C.C ক্যাডেটদের পোষাক আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয়। আয়োজন করা হয়েছে বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠানের ও।

*************************

**Tripura Power Transmission Ltd :**

ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডে প্রথমবর্ষ পূর্তি উপলক্ষ্যে আগরতলার সুকান্ত একাডেমিতে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ। রাজ্য বিদ্যুৎ নিগমের প্রথম সি এম ডি দীপক গাঙ্গুলি, রাজ্য বিদ্যুৎ দপ্তরের প্রাক্তন চিফ ইঞ্জিনিয়ার অজিত দেবনাথ প্রমুখ।

এই অনুষ্ঠানে ৮৪ হাজার ৭৯৮ টাকার একটি চেক TPTL এর পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলের সাহায্যার্থে বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথের হাতে তুলে দেওয়া হয়।

**************************

**CPIM :**

সিপিআইএম রাজ্য কমিটির উদ্যোগে আজ আগরতলায় ভানুঘোষ স্মৃতি ভবনে প্রাক্তন মন্ত্রী প্রয়াত কেশব মজুমদারের স্মরণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই তার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। অনুষ্ঠানে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন, কেশব মজুমদার রাজনীতি, শিক্ষকতা, সংস্কৃতি ও খেলাধুলা সব বিষয়ে দক্ষতার ছাপ রেখে গেছেন। বক্তব্য রাখেন সিপিএম রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য নেতৃবৃন্দ। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী বাদল চৌধুরী, অঘোর দেববর্মা, মানিক দে ও রতন ভৌমিক প্রমুখ।

*****************************

**All India Sava Education :**

অল ইন্ডিয়া সেভ এডুকেশন কমিটির পক্ষ থেকে আজ আগরতলায় বিদ্যালয় শিক্ষা অধিকর্তার কাছে ছয় দফা দাবী সম্বলিত একটি স্মারক লিপি প্রদান করা হয়। রাজ্য সম্পাদক অসিত দাস জানিয়েছেন, কলেজগুলিতে অবিলম্বে সেমিস্টার ভিত্তিক সিলেবাস চালু করা, উচ্চ শিক্ষার ক্ষেত্রে কোনো প্রকার ফি বৃদ্ধি না করা ও রাজ্যের প্রতিটি কলেজে বিষয় ভিত্তিক প্রয়োজনীয় স্থায়ী অধ্যাপক নিয়োগ করার জন্য স্মারকলিপিতে দাবি জানানো হয়েছে।

***************************

**CPM :**

নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বৃদ্ধি, রেগার কাজের অভাব, বেকার সমস্যা, বিদ্যুৎ দপ্তরের বেসরকারিকরণ ও নেশার বিরুদ্ধে

প্রতিবাদ জানিয়ে  আজ সিপিআই এমের উদ্যোগে কাকরাবন - শালগরা বিধানসভা এলাকার পালাটানা বাজারে জনসভা হয়। বক্তব্য রাখেন প্রাক্তন দুই মন্ত্রী তপন চক্রবর্তী ও রতন ভৌমিক ও সিপিএম উদয়পুর বিভাগীয় সম্পাদক দিলীপ দত্ত। বক্তারা কেন্দ্রীয় সরকারের  সমালোচনা করেন। তারা বলেন বিজেপি সরকারের ভীষণ ডকুমেন্টের কোন বিষয়ই বর্তমানে নেই। অভিযোগ আনা হয়, দেশের সার্বিক উন্নয়ন নিয়ে তেমন কোন চিন্তা ভাবনা নেই বর্তমান কেন্দ্র ও রাজ্যের বিজেপি সরকারের। আজকের এই সভায় সভাপতিত্ব করেন নিখিল দাস।

*****************************

**VBSY-MATABARI :**

বিকশিত ভারত সংকল্প যাত্রার ভ্রাম্যমান প্রচার গাড়ি আজ মাতাবাড়ি ব্লকের উত্তর চন্দ্রপুর ও মাতাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকা পরিক্রমা করে। এই উপলক্ষ্যে দুইটি পঞ্চায়েত এলাকায় প্রতি ঘরে সুশাসন দ্বিতীয় পর্যায় মেলা অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন স্থানীয় বিধায়ক অভিষেক দেবরায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন, দুই পঞ্চায়েত প্রধান প্রমুখ। এই দুই অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর নানা প্রকল্প সুবিধাভোগীদের হাতে তুলে দেন উপস্থিত অথিতিগণ। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভিডিও কনফারেন্সের মাধ্যমে সূবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর চন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের জনগণ।

**************************

**Under 15 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত চারটি খেলায় চাম্পামুড়া কোচিং সেন্টার, প্রগতি প্লে সেন্টার, জিবি প্লে সেন্টার এবং এন এস আর সি সি জয়লাভ করেছে। নেপকো মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ২৬৮ রানে শতদল কোচিং সেন্টারকে, নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এন এস আর সি সি ৫৫ রানে জুটমিল কোচিং সেন্টারকে, আম্বেদকর মাঠে প্রগতি প্লে সেন্টার ৯৬ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে এবং রাণীরবাজার মাঠে জিবি প্লে সেন্টার ১০ উইকেটে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টারকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আজ পারদ আরো নামলো। আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ১০.৪ ডিগ্রী সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা ২২.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ২১ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ১১ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সব জেলায় কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*************************